

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৭৬

७. সদাচারণ ও न्যाय़निष्ठं সংশ्लिष्ठं किञाव (کِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে সব আমল মানুষকে অধিক পরিমাণে জান্নাতে নিয়ে যাবে, তার মধ্যে অন্যতম হলো তাকওয়া ও সচ্চরিত্র

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مِنْ أَكْثَرِ مَا يُدخِلُ النَّاسَ الْجَنَّةَ التُّقَى وحُسن الْخُلُق

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرِ الْكَرْخِيُّ بِبَلَدِ الْمَوْصِلِ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سُئِلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سُئِلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا أَكْثَرُ مَا يُدخل النَّاسَ الْجَنَّة؟ قَالَ: (تَقْوَى اللَّهِ وحُسْنُ الخُلُق) قِيلَ: فَمَا أَكْثَرُ مَا يُدخل النَّاسَ النَّارَ؟ قال: (الأجوفان: الفم والفرج.)

الراوي: أَبو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 476 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

8৭৬. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করা হয়, মানুষকে কোন আমল অধিক পরিমাণে জান্নাতে নিয়ে যাবে?" জবাবে তিনি বলেন: "তাকওয়া ও সচ্চরিত্র।" তাঁকে বলা হলো: "কোন জিনিস মানুষকে সবচেয়ে বেশি জাহান্নামে নিয়ে যাবে?" জবাবে তিনি বলেন: "দুটি ফাঁকা জায়গা; মুখ ও লজ্জাস্থান।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: ابْنُ إدريس - هذا - اسمه عبد الله بن إدريس بْنُ يَزِيدَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الزَّعَافِرِيُّ الْأُوْدِيُّ مِنْ ثِقَاتِ الْكُوفَةِ وَمُتُقِنِيهِمْ وَلَمْ يَكُنْ فِي عَصْرِهِ بِالْكُوفَةِ مَنْ لَا يَشْرَبُ غَيْرُهُ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "(অত্র হাদীসের একজন রাবী) ইবনু ইদরীস এর নাম হলো আব্দুল্লাহ বিন ইদরীস বিন ইয়াযিদ বিন আব্দুর রহমান আয যা'আফিরী আল আওদী। তিনি কুফর একজন নির্ভরযোগ্য ও মজবুত ব্যক্তি ছিলেন। তাঁর সময়ে তিনি ছাড়া এমন কেউ ছিলো না, যে মদ পান করেনি।"

ফুটনোট



[1] তিরমিযী: ২০০৪; হাকিম: ৪/৩২৪; ইবনু মাজাহ: ৪২৪৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৯৮; মুসনাদ আহমাদ: ২/২৯১।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/২৫৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন